



কার জন্যে আমি: রকিউজ্জামান সোহেল



ছবি রকিউজ্জামান সোহেল

লেখা: রকিউজ্জামান সোহেল

কার চোখেতে রাখি দুচোখ

কার মনেতে মন

কারে আমি করি যে পর

কারে করি আপন!

কার হৃদয়ে বাঁধি যে ঘর

কার অন্তঃপুরে

কার পৃথিবী আনন্দে ভরি

কার মধুরই সুরে!

কার সুখেতে হাসি আমি

কার দুঃখেতে কাদি

কার জীবনে ডুবি আর

কার জীবনে ভাসি!

কার পৃথিবীর হই যে আলো

কার পৃথিবীর আঁধার

কার জন্যে হই যে বিলীন

কার তরেতে এ জীবন আমার!